... 19 APR 2017
পৃষ্ঠা ৫ ... কলাম ৩ ...

সংবাদ

থামছে না শিশু নিগ্রহ

# ছাতকে শিক্ষকের বেত্রাঘাতে শিক্ষার্থী আহত

**প্রতিনিধি, ছাতক (সুনামগঞ্জ)**

ছাতকে শিক্ষকের প্রহারে স্কুলছাত্রী আহত হওয়ার ঘটনায় শিক্ষকের বিরুদ্ধে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা বরাবরে একটি লিখিত অভিযোগ দেয়া হয়েছে। গত সোমবার বিদ্যালয় পিটিএ কমিটির সভাপতি হাফিজ আহমদ এ অভিযোগ দেন। অভিযোগ থেকে জানা যায়, শনিবার শহরের কুমনা সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ৫ম শ্রেণীর শিক্ষার্থীদের পাঠদান দিচ্ছেলেন বিদ্যালয়ের সহকারী শিক্ষক জীবন কুমার চন্দ। শ্রেনী কক্ষে পাঠদানের সময় অমনোযোগী থাকার অপরাধে শিক্ষক জীবন কুমার চন্দ উত্তেজিত হয়ে পঞ্চম শ্রেণীর শিক্ষার্থী সুবর্ণা রানী দাসকে লাথি মেরে তাকে মেঝেতে ফেলে দেন। এসময় স্কেল দিয়ে কয়েকটি বেত্রাঘাত করে তাকে দন্ডায়মান অবস্থায় দাঁড়িয়ে থাকার নির্দেশও দেন শিক্ষক জীবন কুমার চন্দ। এক পর্যায়ে ছাত্রী সুবর্ণা রানী দাস দাঁড়ানো অবস্থা থেকে মেঝেতে লুটে পড়ে সে জ্ঞান হারিয়ে ফেলে। অভিভাবকসহ শিক্ষক ও শিক্ষার্থীদের সহায়তায় আহত শিক্ষার্থীকে তাৎক্ষণিক ছাতক হাসপাতালে ভর্তি করা হয়।

এ ব্যাপারে বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশিকুর রহমান জানান, শ্রেণী কক্ষে কি ঘটেছিল তিনি জানেন না। শিক্ষার্থীকে অজ্ঞান দেখে তার অভিভাবককে ডেকে এন শিক্ষার্থীকে চিকিৎসার জন্য হাসপাতালে ভর্তি করা হয়। পরে তাকে হাসপাতালে গিয়ে দেখে আসি। বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি হাজী কুটি মিয়া এ ঘটনার সত্যতা স্বীকার করেছেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং........
তারিখ........
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এম.পি বিভাগ
সি. স্টাঃ এনালিস্ট
সি. স্টাঃ ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর